গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
**ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩**
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০০২.১৭/৩৩(১০) ই-১ তারিখঃ ০১/০৪/১৪২৪ বঃ
২৪/০৭/২০১৭ খ্রিঃ

বরাবর

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (ই/এম)/ (পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন-ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ রংপুর/ খুলনা/ সিলেট/ বরিশাল।

**বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে হিসাবের কোড নং-৩-৩২৫১-০০০০-৪৯২৩ সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ খাতে সম্পাদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরের বহির্ভূক্ত ভৌত অবকাঠামো সমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২০১৭-২০১৮ অর্থ বছরের ৩-৩২৫১-০০০০-৪৯২৩-সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ খাতের সম্পাদনযোগ্য কাজসমূহের তালিকা নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ পূর্বক এবং সংযুক্ত 'ছক' মোতাবেক প্রণয়ন করে বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) **আগামী ৩১/০৭/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে** প্রতিটি বিভাগের জন্য তিন প্রস্থে Hard Copy বুকলেট আকারে (Soft Copy/CD সহ) এ দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

**নির্দেশনাঃ-**

১। ক) **২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) এর বরাদ্দ (সকল প্রকার সংশোধিত বরাদ্দ ব্যতীরেকে) আর্থিক সীমায় রেখে ২০১৭-২০১৮ অর্থ বছরের এপিপি প্রণয়ন করতে হবে।**
খ) **সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী** ও নির্বাহী প্রকৌশলী প্রত্যাশী কর্তৃপক্ষের সাথে আবশ্যিকভাবে **আলোচনা পূর্বক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করবেন।**
গ) **নির্দিষ্ট স্থাপনার কার্যাদি কোন অবস্থাতেই** ভেঙ্গে ভেঙ্গে ক্রয় পরিকল্পনাভুক্ত **করা যাবে না। এক্ষেত্রে কার্য প্রকৃতি অনুসারে স্থাপনা ভিত্তিক একক কার্য প্রস্তাব করতে হবে।**
ঘ) দ্বৈততা পরিহার এবং প্রাপ্ত বরাদ্দের সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে বিগত বছরসমূহের সম্পাদিত বিশেষ মেরামত, সাধারণ মেরামত ইত্যাদি কাজ বিবেচনায় রেখে ভবন ভিত্তিক রক্ষণাবেক্ষণ কাজ হিস্ট্রি বুকে সন্নিবেশিত করে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে।
ঙ) কাজের তালিকায় ক্রমসমূহ গুরুত্বপূর্ণ দপ্তরের স্থাপনা, স্পর্শকাতর স্থাপনা এবং সর্বোপরি প্রত্যাশী সংস্থার চাহিদার প্রতি গুরুত্বারোপ করতঃ সরেজমিন তথ্য বিচার বিশ্লেষণ পূর্বক অগ্রাধিকার ভিত্তিতে সাজাতে হবে। উল্লেখ্য, জাতির জনকের সমাধি কমপ্লেক্স, প্রধানমন্ত্রীর কার্যালয়, গণভবন, বঙ্গভবন, জাতীয় সংসদ ভবন, সুপ্রিম কোর্ট, মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রীদের বাসভবন, সচিবালয়, জাতীয় স্মৃতিসৌধ ইত্যাদি গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর অবকাঠামোসমূহের কাজ অগ্রাধিকার ভিত্তিতে এপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে।
চ) প্রতিটি সেক্টর ভিত্তিক (যেমনঃ সাধারণ প্রশাসন, স্বরাষ্ট্র, শিক্ষা ইত্যাদি) প্রত্যাশী সংস্থার চাহিদার আলোকে অগ্রাধিকার ভিত্তিতে এপিপি প্রস্তুত করতে হবে। উক্ত তালিকায় কারাগার, আবহাওয়া, সমাজকল্যাণ, পাবলিক লাইব্রেরী ইত্যাদি কাজ অন্তর্ভুক্ত থাকবে।
ছ) প্রয়োজনে বরাদ্দের সংস্থানের সাথে সামঞ্জস্য রাখার লক্ষ্যে তালিকায় সর্বশেষ ক্রম হতে কাজসমূহ বাদ দেয়া হতে পারে।
জ) কর্মকর্তা/কর্মচারী বদলীজনিত হাইজেনিক ওয়াশ ও অত্যাবশ্যকীয় রক্ষণাবেক্ষণ কাজ এপিপিতে অন্তর্ভুক্ত করে অগ্রাধিকার বিবেচনায় তালিকার যথাস্থানে রাখতে হবে, যাতে করে বরাদ্দ হ্রাসজনিত কারণে এসব ক্ষেত্রে কোন প্রভাব না পড়ে।
ঝ) প্রতিটি জেলার জেলা প্রশাসকগণের চাহিদা মোতাবেক বিভিন্ন জরুরি কাজ সম্পাদনের নিমিত্তে জেলা প্রতি ৫.০০ লক্ষ টাকা সুনির্দিষ্ট করে রাখতে হবে।

২। ক) দৈনন্দিন জরুরি কাজ/ দৈনন্দিন জরুরি মেরামত/ পেটিপারচেজ যে নামেই রাখা হোক না কেন, অদেখা কাজের জন্য ডিভিশনওয়ারী থোক ৫% এর অধিক রাখা যাবে না।
খ) প্রস্তাবিত পরিকল্পনায় দৈনিক মজুরী/ নিরাপত্তা কর্মী/ আসবাবপত্র ক্রয় সংক্রান্ত কাজ বিবেচনায় নেয়া যাবে না। তাছাড়া সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ ব্যয় ব্যতীত সরবরাহ ও সেবাধর্মী বা অন্য কোন ব্যয় প্রস্তাব অন্তর্ভুক্ত করা যাবে না।
গ) কোনরুপ দ্বৈততা, অসামঞ্জস্যতা, পরিপত্র পরিপন্থি কোন কাজ অন্তর্ভুক্ত হলে এ দপ্তর কর্তৃক কোনরুপ ব্যাখ্যা ব্যতীরেকে কাজসমূহের অন্তর্ভুক্তি বাতিল করতঃ এপিপি অনুমোদন করা হবে।

৩। ক) প্রতিটি জোন তার অধীনস্থ বিভাগসমূহ হতে প্রাপ্ত এপিপি এর তালিকার একটি সার-সংক্ষেপ ছক অনুযায়ী পুরণ করতে হবে।
খ) জোনের অধীনস্থ বিভাগসমূহের এপিপি পুস্তিকাসমূহ একত্রিত না করে পৃথক পৃথক থাকতে হবে।
গ) সকল গণপূর্ত বিভাগের এপিপি যথাযথ কর্তৃপক্ষ (সার্কেল ও জোন) এর মাধ্যমে পাঠাতে হবে।

এমতাবস্থায়, ২০১৭-২০১৮ অর্থ বছরের মেরামত ও সংরক্ষণ খাতে বাজেট বরাদ্দের অর্থ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয় হতে দ্রুত ছাড়করণের স্বার্থে 'অগ্রাধিকার ভিত্তিতে' বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ ছক (এক পাতা)।**

২৪/৭/১৭
**(মোসলেহ্ উদ্দীন আহাম্মদ)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪
se_coord@pwd.gov.bd

২৪/৭/১৭
চলমান পাতা-২

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০০২.১৭/৬৬/১(১২৫) ই-১ তারিখঃ ০৯/০৪/১৪২৪বঃ 
২৪/০৭/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো :

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১/ ২/ ৩/ ৪/ সাভার/ রক্ষণাবেক্ষণ/ ই-এম সার্কেল-১/ ২/ ৩/ প্রকল্প সার্কেল-১, ঢাকা/ ময়মনসিংহ/ চট্টগ্রাম-১/ ২/ ই-এম চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ রাজশাহী/ রংপুর/ বগুড়া/ বরিশাল/ খুলনা/ যশোর।

২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১/ গণপূর্ত বিভাগ-২/ নগর/ আরবরিকালচার/ গণপূর্ত বিভাগ-৩/গণপূর্ত বিভাগ-৪ /ইডেন ভবন/ মেডিকেল/ এসবি নগর-১/ এসবি নগর-২/ এসবি নগর-৩/ মহাখালী/ মতিঝিল/ আজিমপুর/ সম্পদ, ঢাকা/ নারায়নগঞ্জ/ মুন্সীগঞ্জ/ নরসিংদী/ সাভার/ মিরপুর/ গাজীপুর/ মানিকগঞ্জ/ রক্ষণাবেক্ষণ, ঢাকা/ রক্ষণাবেক্ষণ, চট্টগ্রাম/ গণপূর্ত ই-এম বিভাগ-১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ ৭/ ৮/ ই-এম কারখানা/ কাঠের কারখানা/ ময়মনসিংহ/ টাঙ্গাইল/ কিশোরগঞ্জ/ জামালপুর/ নেত্রকোনা/ শেরপুর/ চট্টগ্রাম বিভাগ-১/ চট্টগ্রাম বিভাগ-২/ খাগড়াছড়ি/ রাঙ্গামাটি/ চট্টগ্রাম বিভাগ-৩/ চট্টগ্রাম বিভাগ-৪/ কক্সবাজার/ বান্দরবান/ গণপূর্ত ই-এম বিভাগ-১, চট্টগ্রাম/ গণপূর্ত ই-এম বিভাগ-২, চট্টগ্রাম/ কুমিল্লা/ নোয়াখালী/ বি-বাড়ীয়া/ চাঁদপুর/ ফেনী/ লক্ষীপুর/ সিলেট/ মৌলভীবাজার/ সুনামগঞ্জ/ হবিগঞ্জ/ রাজশাহী-১/ রাজশাহী-২/ পাবনা/ নওগাঁ/ নাটোর/ চাঁপাইনবাবগঞ্জ/ রংপুর/ কুড়িগ্রাম/ দিনাজপুর/ পঞ্চগড়/ ঠাকুরগাঁও/ গাইবান্ধা/ নীলফামারী/ লালমনিরহাট/ বগুড়া/ সিরাজগঞ্জ/ জয়পুরহাট/ খুলনা-১/ খুলনা-২/ সাতক্ষীরা/ বাগেরহাট/ বরিশাল/ ভোলা/ মাদারীপুর/ পটুয়াখালী/ বরগুনা/ পিরোজপুর/ ঝালকাঠি/ গোপালগঞ্জ/ শরিয়তপুর/ যশোর/ চুয়াডাঙ্গা/ কুষ্টিয়া/ ফরিদপুর/ ঝিনাইদহ/ নড়াইল/ মেহেরপুর/ রাজবাড়ী/ মাগুড়া/ জরিপ, ঢাকা। **কোন গণপূর্ত বিভাগ কর্তৃক এপিপি সরাসরি এ দপ্তরে দাখিল করা হলে তা গ্রহণযোগ্য হবে না।**

৩। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৪। নির্বাহী প্রকৌশলী (ই/এম), এম.আই.এস সেল, রুম নং-৫১৬, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৫। গার্ড নথি।

**সংযুক্তিঃ ছক (এক পাতা)।**

২৪/৭/১৭

**(মোসলেহ্ উদ্দীন আহাম্মদ)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪
se_coord@pwd.gov.bd

২৪/৭/১৭

২৪/৭/১৭

# ২০১৭-২০১৮ অর্থ বছরের ৪৯২৩-সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ খাতের বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) তালিকাঃ

বিভাগের নামঃ ..................................................

সার্কেলের নামঃ ..................................................

| ক্রমিক নং | সেক্টরের নাম | কাজের বিবরণ | ক্রয় পরিকল্পনায় প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকায়) | ক্রয় পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | গণপূর্ত | তত্ত্বাবধায়ক প্রকৌশলী , .............. এর বাসভবনের স্যানিটারী মেরামত কাজ। | ১.৫০ | | প্রণীত ভবন ভিত্তিক রক্ষণাবেক্ষণ হিস্ট্রি বুক এর আলোকে মেরামত কার্য প্রস্তাব করা হলো। |
| ২। | সাধারণ প্রশাসন | জেলা প্রশাসক ................ এর অফিস কক্ষের বিশেষ মেরামত কাজ। | ১.৭৫ | | |
| -- | -- | ---------------------------------------------------------------------------------------- | -- | | |
| -- | -- | ---------------------------------------------------------------------------------------- | -- | | |
| -- | -- | ---------------------------------------------------------------------------------------- | -- | | |
| ১২১। | -- | দৈনন্দিন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ (প্রাত্যহিক চাহিদা সম্পন্ন মালামাল সংযোজন ও মেরামত, ছোটখাটো মেরামত এবং তাৎক্ষনিক প্রয়োজন সম্পন্ন কাজের ব্যয় অনধিক ৫% এর মধ্যে রাখতে হবে)। | -- | | |
| | | মোটঃ | | | |

বিঃ দ্রঃ কাজের প্রাক্কলিত মূল্যমান ও নাম বর্ণনার ক্ষেত্রে PPA-2006 এর ১১ (৫) ও (৬) ধারা, PPR-2008 (সংশোধনী সহ) এর বিধি-১৬ ও ১৭ তৎসহ সংশ্লিষ্ট প্রযোজ্য বিধি ও ধারা এবং বিদ্যমান আর্থিক নীতিমালা প্রতিপালন সাপেক্ষে প্রস্তুত করতে হবে।

| | | | |
|---|---|---|---|
| সংশ্লিষ্ট উপ সহকারী প্রকৌশলী (প্রাক্কলনিক)<br>.......... গণপূর্ত বিভাগ.......... | বিভাগীয় হিসাব রক্ষক<br>.......... গণপূর্ত বিভাগ.......... | উপ বিভাগীয় প্রকৌশলী<br>.......... গণপূর্ত উপ বিভাগ.......... | নির্বাহী প্রকৌশলী<br>.......... গণপূর্ত বিভাগ.......... |

**অনুসরণীয় নির্দেশাবলীঃ**

১। বার্ষিক ক্রয় পরিকল্পনা MS Excel এ প্রস্তুত করতে হবে।

২। প্রতিটি বিভাগের বার্ষিক ক্রয় পরিকল্পনা Legal Size (Landscape) কাগজে এ প্রস্তুত করতে হবে।

৩। প্রতিটি বইয়ের উপরে **Cover Page** থাকতে হবে এবং ইহাতে নিম্নের **Title** উল্লেখ করতে হবে।

> ...................... গণপূর্ত বিভাগের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের ২০১৭-২০১৮ আর্থিক সালের বার্ষিক ক্রয় পরিকল্পনা